

৩৭২৪

ডইবি/ওয়েবসাইটে আপগেডের ব্যবস্থা বিধি	
স্টেশন প্রকৌশলী	
উপ-স্টেশন প্রকৌশলী	
সহকারী বেতার প্রকৌশলী	
বেতার নিয়ন্ত্রকালয়	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর



৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

নথি নং ১৫.৫৩.০০০০.০১৩.০২.০১৭.১৭. ৭৮৬

তারিখ: ০৭/১০/২০২২

উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়
সাভার, ঢাকা।

বিষয় : জিপি ফান্ড ৩য় অগ্রিম মঞ্জুরী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের ০৮/০৮/১৯৭৯ খ্রিঃ তারিখের এম, এফ (আর ইউ)/১ (৫)/৭৯/৩০ সংখ্যক পত্র অনুযায়ী ১৯৭৯ সালের জি পি ফান্ড মঞ্জুরী আইনের ১৩ (২) (ক) ধারা মোতাবেক, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা এর রেডিও টেকনিশিয়ান জনাব আমজাদ উদ্দিন-কে তার মায়ের চিকিৎসার ব্যয়ভার বহন করার জন্য তার জি পি ফান্ড হিসাব নম্বর সিএও/তথ্য/৩৩৩৩ হতে কোন অবস্থাতেই অগ্রিমের কিস্তি কর্তন স্থগিত করা হবেনা শর্তে ২,৪৯,৬০০/- (দুই লক্ষ উনপঞ্চাশ হাজার ছয়শত) টাকা মাত্র ৩য় অগ্রিম মঞ্জুরি প্রদান করছি।

২। উল্লেখিত অগ্রিমের অর্থ ৫,২০০/- (পাঁচ হাজার দুইশত) টাকা হারে ৪৮ টি সমান কিস্তিতে আসল এবং পরে ১ কিস্তিতে সুদ কর্তন করা হবে। মঞ্জুরীকৃত অগ্রিম তার জি পি ফান্ডে মোট জমা টাকার ৭৫% এর কম। উল্লেখিত অগ্রিম তার তিন মাসের বেতনের বেশি এবং তার জি পি ফান্ডে জমাকৃত অর্থের অর্ধেকের চেয়ে বেশি।

৩। ইতোপূর্বে তাকে ১,৯২,০০০/- (এক লক্ষ বিরানব্বই হাজার) টাকা মাত্র ১ম অগ্রিম মঞ্জুরি প্রদান করা হয়, তা থেকে ৪,০০০/- টাকা হারে ৩৬ কিস্তিতে ১,৪৪,০০০/- (এক লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা কর্তন করা হয়েছে অবশিষ্ট আছে ৪৮,০০০/- (আটচল্লিশ হাজার) টাকা। ২য় অগ্রিম ১,৪০,০০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা মঞ্জুরি প্রদান করা হয়, তা থেকে ৪,০০০/- টাকা হারে ২৩ কিস্তিতে ৯২,০০০/- (বিরানব্বই হাজার) টাকা কর্তন করা হয়েছে অবশিষ্ট আছে ৪৮,০০০/- (আটচল্লিশ হাজার) টাকা।

৪। এমতাবস্থায় জনাব আমজাদ উদ্দিন-কে তার জি পি ফান্ড হিসাব নম্বর সিএও/তথ্য/৩৩৩৩ হতে ৩য় অগ্রিম ২,৪৯,৬০০/- (দুই লক্ষ উনপঞ্চাশ হাজার ছয়শত) টাকা মাত্র উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

(Signature)
০৭/১০/২০২২

আহম্মদ কামরুজ্জামান
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোনঃ ৪৪৮১৩০৬২

নথি নং ১৫.৫৩.০০০০.০১৩.০২.০১৭.১৭. ৭৮৬

তারিখ: ০৭/১০/২০২২

অনুলিপি অবগতি ও সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ২। আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা।
- ৩। জনাব আমজাদ উদ্দিন, রেডিও টেকনিশিয়ান, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা।
- ৪। গার্ড ফাইল।

(Signature)
০৭/১০/২০২২

(মোঃ আল আমিন খান)
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।
ফোনঃ ৪৪৮১৩০৭৩